

সংবাদ বিজ্ঞপ্তি

বিডিরেন ট্রাস্টি বোর্ডের সদস্য মনোনীত হলেন নোবিপ্রবি উপাচার্য

বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশন নেটওয়ার্ক (বিডিরেন) এর ট্রাস্টি বোর্ডের সদস্য হিসেবে মনোনীত হয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। বিডিরেন ট্রাস্ট এর চেয়ারপার্সন (অতিরিক্ত দায়িত্ব) ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানানো হয়।

বিডিরেনের ট্রাস্টি বোর্ডে মোট ১১ জন সদস্যের মধ্যে 'পাবলিক ট্রাস্টি' ক্যাটাগরির বিপরীতে চারটি সদস্য পদ নির্ধারিত রয়েছে। গত ১৮ মে ২০২৪ তারিখে ট্রাস্টি ক্যাটাগরিতে বর্তমানে অধিষ্ঠিত সদস্যের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় সৃষ্ট শূন্যতা পূরণের জন্য 'পাবলিক ট্রাস্টি' ক্যাটাগরিতে পরবর্তী সদস্য হিসেবে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমকে মনোনীত করা হয়।

উল্লেখ্য, 'পাবলিক ট্রাস্টি' হিসেবে নতুন মনোনীত উপাচার্যের সদস্যপদ ট্রাস্টি বোর্ডের পরবর্তী সভার তারিখ থেকে দুই বছরের জন্য কার্যকর থাকবে। ট্রাস্ট ডিড অনুযায়ী নোবিপ্রবির মাননীয় উপাচার্য বিডিরেন ট্রাস্টের ট্রাস্টি বোর্ডে পাবলিক ট্রাস্টি হিসেবে প্রতিনিধিত্ব করবেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪